

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অধিশাখা-১৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৯.২০১০.(খন্ড-১).২০১৩.৫৩০

তারিখ: ১৭/১০/২০১৭ খ্রি:

বিষয় : পিরোজপুর জেলার কাউখালী উপজেলাধীন হাজেরা খাতুন নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব প্রনব ব্যাপারী কে এম.পি.ও.ভুক্তিকরণ সংক্রান্ত।

সূত্র: ৪জি-২১২৯-ম/১৩০০৫ তারিখ: ২১.০৯.২০১৭

উপর্যুক্ত বিষয়সূত্রে জনবল কাঠামো নির্দেশিকার পরিশিষ্ট-ঘ অনুযায়ী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের অভিজ্ঞতা হিসেবে উল্লেখ করা হয়েছে যে, সহকারী শিক্ষক পদে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। জনাব প্রনব ব্যাপারীর সহকারী শিক্ষক হিসেবে চাকুরীর অভিজ্ঞতা ০৯ বছর ০৪ মাস। অর্থাৎ তার কাম্য অভিজ্ঞতা ০৮ মাস কম রয়েছে।


০২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর পত্রে উল্লেখ করা হয়েছে যে, তার চাকুরীর ধারাবাহিকতা যথাযথ আছে। তিনি জনবল কাঠামোর ১২ অনুযায়ী নতুন প্রতিষ্ঠানে বেতন ভাতাদির সরকারি অংশ প্রাপ্য হবেন।

০৩. উল্লেখ্য, জনবল কাঠামো নির্দেশিকার ১১ (২) অনুচ্ছেদ নিম্নরূপ :

এ নির্দেশিকা জারির পূর্বে বিধি মোতাবেক নিয়োজিত নিয়োগকালনি কাম্য যোগ্যতাসম্পন্ন প্রতিষ্ঠান প্রধান বা সহপ্রধানগণ এম.পি.ও.ভুক্তির সময়ে এবং ইনডেক্সধারী প্রতিষ্ঠান প্রধান বা সহ প্রধানগণ পরিশিষ্ট-ঘ অনুযায়ী কাম্য অভিজ্ঞতা না থাকলে বর্ণিত স্কেলের একধাপ নীচের বেতন স্কেলে বেতন ভাতাদি পাবেন। তবে অভিজ্ঞতা পূর্ণ হলে পরিশিষ্ট-ঘ অনুযায়ী বেতন ভাতাদি পাবেন।

০৪. এমতাবস্থায়, জনবল কাঠামো নির্দেশিকার ১১ (২) অনুচ্ছেদ অনুযায়ী কাম্য অভিজ্ঞতা না থাকায় পিরোজপুর জেলার কাউখালী উপজেলাধীন হাজেরা খাতুন নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব প্রনব ব্যাপারী কে এক ধাপ নীচের স্কেলে এম.পি.ও ভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক


(নুসরাত জাবীন বানু)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।